**THE WEST BENGAL COUNCIL OF RABINDRA OPEN SCHOOLING**

**MADHYAMIK PARIKSHA (SECONDARY EXAMINATION) JUNE, 2025**

# অর্থনীতি
## (অতিরিক্ত বিষয়)

**(Economics)**
## (Additional Subject)

**সময় ঃ ৩ ঘণ্টা ১৫ মিনিট** — **পূর্ণমান ঃ ৯০**

**Time: 3 Hours 15 Minutes** — **Full Marks: 90**

## পরীক্ষার্থীদের প্রতি সাধারণ নির্দেশ
## (General Instructions for the Examinees)

সকল পরীক্ষার্থীকে নিজের নাম, ক্রমিক নম্বর ও নিবন্ধন নম্বর উত্তরপত্রে লিখতে হবে।
Candidates should write their Name, Roll No. and Registration No. in their respective answer scripts.

পরীক্ষার সময়ের প্রথম ১৫ মিনিট প্রশ্ন পড়ার জন্য।
প্রশ্নের উত্তর যথাযথ হওয়া দরকার।
The first 15 Minutes are allotted for reading the question paper.
Answers should be in brief and to the point.

প্রতিটি উত্তরের প্রশ্নসংখ্যা খাতায় সঠিকভাবে লিখতে হবে।

Write correct question no. against each answer.

পরিমিত ও যথাযথ উত্তরের জন্য বিশেষ মূল্য দেওয়া হবে।
বানান ভুল, অপরিচ্ছন্নতা এবং অপরিষ্কার হস্তাক্ষরের ক্ষেত্রে নম্বর কাটা যাবে।
প্রান্তিক সংখ্যাগুলি প্রতিটি প্রশ্নের পূর্ণমান নির্দেশ করছে।
Special credit will be given for answers which are brief and to the point.
Marks will be deducted for spelling mistakes, untidiness and bad handwriting.
In the right side the marks of questions are given.

**1.** ‘ক’ থেকে ‘ন’ পর্যন্ত প্রশ্নগুলির (মোট **কুড়িটি**) উত্তর দাও ঃ 1×20=20

Answer the questions from ‘a’ to ‘t’ (total twenty) as directed:

(i) বক্তব্যটি খাতায় লিখে যদি সঠিক মনে করো তবে পাশে ‘✓’ চিহ্ন আর যদি সঠিক মনে না করো তবে পাশে ‘×’ চিহ্ন বসাও।

Write the statement and put ‘✓’ mark if true and put ‘×’ mark if false:

(ক) অন্যান্য বিষয় অপরিবর্তিত থাকলে কোনো দ্রব্যের দাম বৃদ্ধি পেলে সেই দ্রব্যের যোগানের পরিমাণ বৃদ্ধি পায়।

All other things are remaining same if price of a commodity increases, supply of that commodity also increases.

(খ) ইউনিট ট্রাস্ট অব ইন্ডিয়া একটি দাতব্য প্রতিষ্ঠান।

Unit Trust of India is a charitable organization.

(গ) মানুষের আকাঙ্ক্ষা সীমিত।

Human wants are limited.

(ঘ) সবুজ বিপ্লব ক্ষুদ্র ও প্রান্তিক চাষির কাজে লাগেনি।

Green Revolution was not helpful for small and marginal farmers.

(ঙ) ভারতের দ্বিতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনা শুরু হয় ১৯৭০ সালে।

The second five Year Plan in India was started in the year 1970.

(ii) সঠিক বিকল্পটি খাতায় লেখো ঃ

Write down the correct alternatives:

(চ) আয়কর হল এক ধরনের ____________ কর। (প্রত্যক্ষ/পরোক্ষ)

Income Tax is a type of ________ tax. (Direct/Indirect)

(ছ) ভারতে ____________ অর্থনৈতিক ব্যবস্থা চালু আছে। (ধনতান্ত্রিক/সমাজতান্ত্রিক/মিশ্র)

___________ Economic System is prevalent in Indian Economy. (Capitalistic/Socialistic/Mixed)

(জ) একচেটিয়া কারবারের ফলে সমাজ ———————— (উপকৃত/ক্ষতিগ্রস্থ) হয়।

Society gets __________ from monopoly business. (benefit/harm)

(ঝ) শ্রমনিবিড় কৌশল কর্মসংস্থান ————————। (বৃদ্ধি করে/হ্রাস করে)

Labour-intensive technology _________ employment. (increases/decreases)

(ঞ) ভারতের আর্থিক সংস্কার শুরু হয় ———————— সালে।

Economic Reforms in India was started in the year _________ .

(অ) ১৯৯১

1991

(আ) ১৯৫৬

1956

(ই) ১৯৭০

1970

(iii) তালিকা 'ক' এর সাথে তালিকা 'খ' মেলাও ঃ

Match column 'A' with column 'B':

| 'ক' 'A' | 'খ' 'B' |
|---|---|
| (ট) সূর্যালোক Sunray | অবাধলভ্য দ্রব্য Free goods |
| (ঠ) প্রাকৃতিক সম্পদ Natural resource | আসবাবপত্র Furniture |
| (ড) অর্থনৈতিক দ্রব্য Economic goods | যন্ত্রপাতি Machines |
| (ঢ) মনুষ্যসৃষ্ট সম্পদ Manmade wealth | অরণ্য Forest |

(iv) বন্ধনীভুক্ত শব্দগুলির মধ্য থেকে সঠিক শব্দটি বেছে নিয়ে শূন্যস্থান পূরণ করে বাক্যটি খাতায় লেখো ঃ

Write the complete sentences choosing the correct alternatives from the brackets:

(ণ) ভারতীয় জনসংখ্যার বেশির ভাগই ———————— (কৃষির/শিল্পের/বৈদেশিক বাণিজ্যের) উপর নির্ভরশীল।

Most of the population of India still depend on ______________. (agriculture/industry/international trade)

(ত) পূর্ণ প্রতিযোগিতার বাজারে —————— ক্রেতা থাকে। (বহুসংখ্যক/অল্পসংখ্যক)

In perfect competition, there are ___________ buyers. (numerous/few)

(থ) উৎপাদনের উপাদান —————— । (২টি/৩টি/৪টি)

Factors of production are of __________. (two types/three types/four types)

(দ) জমি হল ——————। (মনুষ্যসৃষ্ট/প্রকৃতির দান)

Land is __________. (manmade/a gift of nature)

(ধ) ক্ষুদ্র শিল্প আয়ের বৈষম্য —————— সাহায্য করে। (হ্রাসে/বৃদ্ধিতে)

Small-scale industry helps in _________ income inequality. (reducing/increasing)

(ন) অর্থনীতিতে বাজার হল ——————। (ক্রেতা ও বিক্রেতার মধ্যে সম্পর্ক/একটি স্থান)

In economics market is ________ . (relation between buyers and sellers/a place)

**2.** যেকোনো **পাঁচটি** প্রশ্নের উত্তর দাও ঃ $6\times5=30$

Answer *any five* questions:

(ক) বিভিন্ন ধরনের বাজার সম্পর্কে আলোচনা করো।

Discuss the different types of market.

(খ) ভারতে ক্ষুদ্র শিল্পের সমস্যাগুলি আলোচনা করো।

What are the problems of small-scale industry in India?

(গ) ভারতে জনসংখ্যা হ্রাসে তোমার প্রতিবিধানগুলি বর্ণনা করো।

What measures do you take to reduce population in India?

(ঘ) তিনটি উদাহরণসহ পরিবেশ দূষণের উপর একটি টীকা লেখো।

With three examples write a note on environment pollution.

(ঙ) পৃথিবীর ধনী ও গরীব দেশগুলির মধ্যে গুরুত্বপূর্ণ পার্থক্যগুলি দেখাও।

What are the important differences between the rich countries and the poor countries of the world?

(চ) দারিদ্র্য রেখা কী? ভারতের দারিদ্র্যতার কারণগুলি কী কী ব্যাখ্যা করো।

What is poverty line? What are the causes of poverty in India?

(ছ) টাকাকড়ির মূল্য বলতে কী বোঝ? টাকাকড়ির প্রধান প্রধান কাজগুলির উল্লেখ করো।

What is meant by value of money? Mention major functions of money.

(জ) সরাসরি দ্রব্য বিনিময়ের অসুবিধাগুলি কী কী?

What are the problems of barter system?

(ঝ) ভারতে আয় বৈষম্যের কারণগুলি কী কী?

What are the causes of income inequality in India?

(ঞ) ভারতীয় অর্থনীতিতে কৃষি কী ভূমিকা পালন করে?

What role does agriculture play in the Indian economy?

**3.** নিম্নলিখিত প্রশ্নগুলির দু-একটি বাক্যে উত্তর দাও (যেকোনো **দশটি**)ঃ 2×10=20

Answer *any ten* questions in one or two sentences:

(ক) ভারতের পরিকল্পনার তিনটি উদ্দেশ্য উল্লেখ করো।

Mention three objectives of planning in India.

(খ) উন্নয়নমূলক পরিকল্পনা কী?

What is development planning?

(গ) গণবণ্টন ব্যবস্থা কী?

What is public distribution system?

(ঘ) ধনতান্ত্রিক অর্থব্যবস্থার তিনটি সুবিধার উল্লেখ করো।

Write three merits of capitalist economy.

(ঙ) যৌথ মূলধনী কারবারের তিনটি বৈশিষ্ট্য উল্লেখ করো।

Write three features of joint stock company.

(চ) ছদ্মবেশী বেকারত্বের সংজ্ঞা দাও।

Define disguised unemployment.

(ছ) ভূমিসংস্কার কী?

What is land reform?

(জ) মুদ্রাস্ফীতি কী?

What is inflation?

(ঝ) উৎপাদনের উপাদানগুলি কী কী?

What are the factors of production?

(ঞ) পরোক্ষ করের দুটি উদাহরণ দাও।

Give two examples of indirect tax.

(ট) ভারসাম্য দাম কী?

What do you mean by equilibrium price?

(ঠ) কালো টাকা বলতে কী বোঝ?

What do you mean by black money?

**4.** যেকোনো **দশটি** প্রশ্নের উত্তর দাও ঃ 3×10=30

Answer *any ten* questions:

(ক) সরকারি দ্রব্য কী? সরকারি দ্রব্যের বিভিন্ন বৈশিষ্ট্য কী কী?

What is public good? What are the characteristics of a public good?

(খ) মাথাপিছু আয় কী? মাথাপিছু আয়ের প্রয়োজনীয়তা কী কী?

What is per capita income? Why is it necessary?

(গ) NABARD-এর তিনটি ভূমিকা উল্লেখ করো।

Mention three roles of NABARD.

(ঘ) বিশ্বায়ন কী?

What is globalization?

(ঙ) সুষম উন্নয়ন কী?

What is balanced growth?

(চ) প্রত্যক্ষ করের তিনটি উদাহরণ দাও।

Give three examples of direct taxes.

(ছ) শ্রমবিভাগ বলতে কী বোঝায়?

What is meant by division of labour?

(জ) ভারতীয় অর্থনীতির প্রেক্ষিতে তুমি কি মনে করো যে দ্বিতীয় সবুজ বিপ্লব আশু প্রয়োজনীয়?

Do you think Second Green Revolution is necessary in Indian context?

(ঝ) অনিয়মিত শ্রমের ক্ষেত্র বলতে কী বোঝায়?

What is meant by informal sector?

(ঞ) মরসুমি বেকারত্ব কী?

What is seasonal unemployment?

(ট) বৃহদায়তন উৎপাদনের গুরুত্ব ব্যাখ্যা করো।

Explain the importance of large-scale production.

(ঠ) উৎপাদন কী?

What is production?

(ড) মিশ্র অর্থব্যবস্থার তিনটি বৈশিষ্ট্য লেখো।

Write three features of a mixed economy.

(ঢ) ভারতে সবুজ বিপ্লবের তিনটি কুফল উল্লেখ করো।

Mention three harmful effects of Green Revolution in India.

———————

**Space for Rough Work**

**Space for Rough Work**

**Space for Rough Work**

**Space for Rough Work**